সংবাদ

তারিখ ...... JUL 2017 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# ঢাবি উপাচার্য প্যানেল ঘোষণা

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নির্বাচনের জন্য তিনজনের একটি প্যানেল অনুমোদন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট। গতকাল বিকেলে সিনেট সদস্যরা এই বিশেষ প্যানেলের অনুমতি দেন। অধিবেশনে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের চেয়ারম্যান এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক।

সিনেটের বিশেষ অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ১১(১) ধারা অনুযায়ী মহামান্য চ্যান্সেলর কর্তৃক বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর নিয়োগের প্যানেল : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## প্যানেল : ঘোষণা

(১ম পৃষ্ঠার পর)

জন্য সর্বসম্মতিক্রমে ৩ (তিন) জনের একটি প্যানেল মনোনয়ন করা হয়। প্যানেলে মনোনীতরা হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন এবং নীল দলের আহ্বায়ক অধ্যাপক ড. মো. আবদুল আজিজ।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ২১(২) ধারায় অর্পিত ক্ষমতাবলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক সিনেটের এই বিশেষ অধিবেশন আহ্বান করেন।